গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
রাজস্ব শাখা
www.moulvibazar.gov.bd

## আশ্রয়ণ-২ প্রকল্প সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটির জানুয়ারি/২০২৪ খ্রিস্টাব্দ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ ড. উর্মি বিনতে সালাম
জেলা প্রশাসক, মৌলভীবাজার।
সভার স্থান ঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ২৮/০১/২০২৪ খ্রিস্টাব্দ
সভার সময় ঃ সকাল ১১:০০ ঘটিকা

সভার শুরুতে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কোনো সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সভায় দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

❖ ০১.০০ **গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:**

বিগত ২৪/১২/২০২৩ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:

| সভার তারিখ | গৃহীত সিদ্ধান্তের সংখ্যা | সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতির হার | অ-বাস্তবায়িত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ২৪/১২/২০২৩খ্রি. | ১২ | ১০ | ৮৩.৩৩% | ১. উপজেলা নির্বাহী অফিসারগণ প্রতিমাসে আশ্রয়ণ-২ প্রকল্পের কমপক্ষে একটি ক্লাস্টার পরিদর্শন করে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত (মৌলভীবাজার সদর হতে পাওয়া গেছে) |
| | | | | ২. বড়লেখা উপজেলাধীন ব্যারাকসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক টিন পরিবর্তন/মেরামতের বিষয়ে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত। |

❖ ০২.০০: **উপজেলা আশ্রয়ণ প্রকল্প সংক্রান্ত কমিটিসমূহের সভার বিবরণ:**

| উপজেলা | কমিটির সভা অনুষ্ঠানের তারিখ | সভাপতি |
|---|---|---|
| কুলাউড়া | ২৬/১২/২০২৩ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া। |
| বড়লেখা | ২৬/১২/২০২৩ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা। |
| জুড়ী | ২৬/১২/২০২৩ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী। |
| শ্রীমঙ্গল | ২৬/১২/২০২৩ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |
| সদর | ২৬/১২/২০২৩ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর। |
| রাজনগর | ২৬/১২/২০২৩ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর। |
| কমলগঞ্জ | ২৬/১২/২০২৩ খ্রিস্টাব্দ | উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ। |

| ক্র. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | আশ্রয়ণ প্রকল্প সংক্রান্ত উপজেলা কমিটি প্রতিমাসে সভা অনুষ্ঠান করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, (সকল) |

CamScanner

❖ ৩.০০: আশ্রয়ণ প্রকল্প এর বর্তমান অবস্থা:

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার সভায় জানান যে, মৌলভীবাজার সদর, রাজনগর, বড়লেখা, শ্রীমঙ্গল ও কমলগঞ্জ উপজেলায় ৬টি প্রকল্পে ৪১টি ব্যারাক রয়েছে, যেখানে ৪১০টি পরিবারকে পুনর্বাসিত করা হয়েছে। সভায় ব্যারাকসমূহে বসবাসরত সদস্যদের বর্তমান অবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। উক্ত ব্যারাকসমূহে বসবাসরত সদস্যদের জীবনযাত্রার মান বৃদ্ধির বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভায় উপস্থিত সহকারী কমিশনার (ভূমি), বড়লেখা সভায় জানান বড়লেখা উপজেলাধীন ব্যারাকসমূহ অনেক পুরাতন হয়ে যাওয়ায় ব্যারাকের টিন পরিবর্তন/মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভাপতি বড়লেখা উপজেলার ব্যারাকসমূহে সরেজমিনে পরিদর্শন করে বাস্তবতার নিরিখে বিস্তারিত প্রতিবেদন/প্রস্তাব প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি), বড়লেখা-কে নির্দেশনা প্রদান করেন। এছাড়াও আশ্রয়ণ-২ প্রকল্পের যে সকল গৃহে কোনো পরিবার বসবাস করে না, সেসকল গৃহে উক্ত জরাজীর্ণ ব্যারাকসমূহে বসবাসরত উপকারভোগীদের স্থানান্তরের জন্য অনুপ্রাণিত করার বিষয়ে সভায় সকল সদস্য একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনায় নিম্নরূপ তথ্য সভায় উপস্থাপন করা হয়:

| উপজেলা | প্রকল্পের সংখ্যা | ব্যারাকের সংখ্যা | রেজিস্ট্রিকৃত দলিল | | নামজারীকৃত দলিল | | সম্পাদিত কবুলিয়ত সংখ্যা | | পুনর্বাসিত পরিবারের সংখ্যা | প্রকল্পের বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | হয়েছে | হয়নি | হয়েছে | হয়নি | হয়েছে | হয়নি | | |
| সদর | ১ | ০৪ | ৪০ | ০০ | ৪০ | ০০ | ৪০ | ০০ | ৪০ | বাস্তবায়িত |
| রাজনগর | ১ | ০৬ | ৩২ | ০০ | ০০ | ৩২ | ৩২ | ২৮ | ৬০ | |
| বড়লেখা | ২ | ২৪ | ১৭৬ | ০০ | ১২৮ | ৪৮ | ১৭৬ | ৬৪ | ২৪০ | |
| শ্রীমঙ্গল | ১ | ০৩ | ৩০ | ০০ | ৩০ | ০০ | ৩০ | ০০ | ৩০ | |
| কমলগঞ্জ | ১ | ০৪ | ১৮ | ০৮ | ০৯ | ০৯ | ২৬ | ১৪ | ৪০ | |
| মোট | ৬ | ৪১ | ২৯৬ | ০৮ | ২০৭ | ৮৯ | ৩০৪ | ১০৬ | ৪১০ | |

| উপজেলা | প্রকল্পের নাম | প্রস্তাবিত মোট জমির পরিমাণ | ব্যারাকের সংখ্যা | পুনর্বাসিত পরিবার |
|---|---|---|---|---|
| সদর | শান্তির নীড়(বুদ্ধিমন্তপুর) | ৪.৬৮ | ০৪ টি | ৪০ টি |
| রাজনগর | শ্যামহল ও মালিকোনা | ৬.০০ | ০৬ টি | ৬০ টি |
| বড়লেখা | সায়পুর(বনশ্রী) | ৩.২০ | ০৪ টি | ৪০ টি |
| | জফরপুর(সমতা) | ১৬.০০ | ২০ টি | ২০০ টি |
| শ্রীমঙ্গল | বন্ধন | ৩.১০ | ০৩ টি | ৩০ টি |
| কমলগঞ্জ | রামচন্দ্রপুর | ১.৭৪ | ০৪ টি | ৪০ টি |
| মোট | | ৩৪.৭২ | ৪১ টি | ৪১০ টি |

উপর্যুক্ত বিষয়াদি আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১) | উপজেলা নির্বাহী অফিসারগণ প্রতিমাসে আশ্রয়ণ প্রকল্পের কমপক্ষে একটি প্রকল্প স্থান পরিদর্শন করে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>২) সহকারী কমিশনার (ভূমি), (সকল) |
| ০২) | মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এর ১৯/০৬/২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ০৩.০২.০০০০.৭০৩.১৪.৫৩৩.২২.৮৬৫নং স্মারক মোতাবেক আশ্রয়ণ প্রকল্পের পুরাতন জরাজীর্ণ সিআইসিট ব্যারাকের স্থলে সেমিপাকা একক গৃহনির্মাণের প্রস্তাব প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার, (সকল)<br>২) সহকারী কমিশনার (ভূমি), (সকল) |

CS CamScanner

❖ ০৪.০০: আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) এর বর্তমান অবস্থা:

| উপজেলা | প্রকল্পের নাম | মোট জমির পরিমান | ব্যারাকের সংখ্যা | পুনর্বাসিত পরিবার |
|---|---|---|---|---|
| সদর | লালাপুর | ৬.৫১ | ০৬ | ৬০টি |
| | প্রেমনগর | ৩.৫০ | ০৫ | ৫০টি |
| কমলগঞ্জ | দিশারী | ৫.৩৮ | ১৬ | ১৬০টি |
| রাজনগর | মেদিনীমহল | ৪.৫০ | ০৬ | ৬০টি |
| কুলাউড়া | লংলা-১ | ২.০০ | ০২ | ২০টি |
| | লংলা-২ | ২.০০ | ০২ | ২০টি |
| | মহুয়া | ২.০০ | ০৪ | ৪০টি |
| | মোট | ২৫.৮৯ | ৪১ টি | ৪১০ টি |

উপর্যুক্ত তথ্যের আলোকে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১) | মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এর ১৯/০৬/২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ০৩.০২.০০০০.৭০৩.১৪.৫৩৩.২২.৮৬৫নং স্মারক মোতাবেক আশ্রয়ণ প্রকল্পের পুরাতন জরাজীর্ণ সিআইসিট ব্যারাকের স্থলে সেমিপাকা একক গৃহনির্মাণের প্রস্তাব প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার, (সকল)<br>২) সহকারী কমিশনার (ভূমি), (সকল) |

❖ ০৫.০০ : প্রকল্পের অধিবাসীদের জন্মনিয়ন্ত্রণ বিষয়ক:

সংশ্লিষ্ট উপজেলার আশ্রয়ণ-২ প্রকল্পের অধিবাসীদের জন্ম নিয়ন্ত্রণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, মৌলভীবাজার সভায় জানান, এ জেলার আশ্রয়ণ-২ প্রকল্প স্থানে বসবাসরত দম্পতির মধ্যে পদ্ধতি গ্রহণকারীর হার ৭২.৩৩%। অবশিষ্ট দম্পতিদের পদ্ধতি গ্রহণের আওতায় নিয়ে আসার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল সদস্য একমত পোষণ করেন। এছাড়াও, ৩ ও ততোধিক সন্তান গ্রহণকারী দম্পত্তির সংখ্যা যে সকল প্রকল্প স্থানে বা উপজেলায় অধিক মর্মে পরিলক্ষিত হয়, সে সকল স্থানে/উপজেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় সদস্যগণ একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | আশ্রয়ণ-২ প্রকল্পের বাসিন্দাদের জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ করার বিষয়ে আরও তৎপর হওয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-পরিচালক,<br>পরিবার পরিকল্পনা বিভাগ,<br>মৌলভীবাজার। |
| ০২ | ৩ ও ততোধিক সন্তান গ্রহণকারী দম্পতির সংখ্যা যে সকল প্রকল্প স্থানে বা উপজেলায় অধিক মর্মে পরিলক্ষিত হয়, সে সকল স্থানে/উপজেলায় পরিবার পরিকল্পনা সংক্রান্ত কার্যক্রম তরান্বিত করতে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৩ | আশ্রয়ণ-২ প্রকল্প স্থানের পরিবার পরিকল্পনা সংক্রান্ত হালনাগাদকৃত তথ্য প্রতিমাসে এ কার্যালয়ে প্রেরণের জন্য বলা হয়। | |

❖ ০৬.০০ : আশ্রয়ণ-২ প্রকল্প এর সুবিধাভোগী পরিবারগুলোর অনুকূলে ঋণ বিতরণ ও আদায় বিষয়ক:

আশ্রয়ণ-২ প্রকল্প এর সুবিধাভোগী পরিবারগুলোর অনুকূলে ঋন বিতরণপূর্বক তাদের আর্থ-সামাজিক উন্নয়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার সভায় উপস্থিত না থাকায় অসন্তোষ প্রকাশ করা হয়। জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার কর্তৃক দাখিলকৃত হালনাগাদ প্রতিবেদনে দেখা যায় আশ্রয়ণ প্রকল্পের এর আওতায় এ জেলায় ৩৮টি আশ্রয়ণ সমবায় সমিতি নিবন্ধিত হয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন, যে সকল প্রকল্প স্থানে কমপক্ষে ১০টি ঘর রয়েছে সেখানে সমবায় সমিতি গঠন করতে হবে এবং উপকারভোগীদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে তাদের অনুকূলে ঋণ বিতরণ ও আদায় বিষয়ক কার্যক্রম তরান্বিত করতে হবে। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

CamScanner

| ক্র. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১) | আশ্রয়ণ-২ এর যে সকল প্রকল্প স্থানে কমপক্ষে ১০টি ঘর রয়েছে সেখানে বাসিন্দাদের জন্য সমবায় সমিতি গঠন করে ঋন প্রদান কার্যক্রম ত্বরান্বিত করার এবং প্রতি মাসে সভার পূর্বে ঋণ প্রদান/আদায়ের অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার |
| ০২) | আশ্রয়ণ-২ প্রকল্প সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটির সকল সভায় জেলা সমবায় কর্মকর্তা, মৌলভীবাজার-কে উপস্থিত থাকার জন্য বলা হলো। | |

❖ ০৭.০০ : **শিক্ষা কার্যক্রম সংক্রান্ত বিষয়াদি:**

আশ্রয়ণ-২ ও আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) স্থানে বসবাসরত শিশুদের শিক্ষা কার্যক্রমের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার ২০২৪ সালে এ পর্যন্ত আশ্রয়ণ প্রকল্প ও আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) স্থানে বসবাসরত শিশুদের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা, ভর্তিকৃত শিশুর সংখ্যা, অভর্তিকৃত শিশুর সংখ্যা ও ঝরে পড়া শিশুর সংখ্যাসহ শিক্ষা সংক্রান্ত সর্বশেষ তথ্য সভায় উপস্থাপন করেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার সভায় জানান, বর্তমানে জেলার আশ্রয়ণ প্রকল্পের আওতায় বসবাসরত বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা ৪১২ জন এবং এর মধ্যে ৩৯৮ জন শিশু বিদ্যালয়ে গমন করছে। অবশিষ্ট ১৪ জন শিক্ষার্থী এখনো অভর্তিকৃত রয়েছে। এছাড়াও, আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) স্থানে বসবাসরত বিদ্যালয়ে গমনোপযোগী ৫২৭ জন শিশুর মধ্যে ৪৮৮ জন শিশু বিদ্যালয়ে গমন করছে। ৩৯ জন শিশু এখনো অভর্তিকৃত রয়েছে। তৎপ্রেক্ষিতে, বসবাসরত যে সকল গমনোপযোগী শিশু এখনো ভর্তির আওতায় আসেনি তাদের আগামী সভার পূর্বেই শিক্ষা কার্যক্রমের আওয়ায় অনয়ন করে অর্থাৎ শতভাগ ভর্তি নিশ্চিতপূর্বক এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণের জন্য এবং প্রতিমাসে শিক্ষা সংক্রান্ত হালনাগাদ তথ্য এ কার্যালয়ে প্রেরণের জন্য সভায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার-কে অনুরোধ জানানো হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | আশ্রয়ণ প্রকল্প ও আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) স্থানে বসবাসরত বিদ্যালয়ে গমনোপযোগী সকল শিশুকে বিদ্যালয়ে ভর্তি নিশ্চিতপূর্বক আগামী সভার পূর্বে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার |
| ০২ | প্রকল্প স্থানে শিক্ষা কার্যক্রম সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন প্রতিমাসের ১৫ তারিখে মধ্যে এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

❖ ০৮.০০ : **মুজিববর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্প:**

| ক্রমিক | উপজেলা | হালনাগাদকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবার | ১ম পর্যায়ে বরাদ্দকৃত গৃহ সংখ্যা | ২য় পর্যায়ে বরাদ্দকৃত গৃহ সংখ্যা | ৩য় পর্যায়ের বরাদ্দকৃত গৃহ সংখ্যা | ৪র্থ পর্যায়ে বরাদ্দকৃত গৃহ সংখ্যা | মোট প্রাপ্ত বরাদ্দ | অবশিষ্ট ভূমিহীন ও গৃহহীন পরিবারের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | সদর | ১১৬০ | ৪৭৬ | ৫২ | ৩৩২ | ৩০০ | ১১৬০ | - |
| ২ | রাজনগর | ৩৬৩ | ৯৮ | ৫০ | ৫৯ | ১৪৭ | ৩৫৪ | ৯(নয়) জনকে স্থানীয়ভাবে বরাদ্দ প্রদান করা হয়েছে। |
| ৩ | কুলাউড়া | ৪১৯ | ১১০ | ১০০ | ১১৩ | ৯৬ | ৪১৯ | - |
| ৪ | জুড়ী | ৪৭৩ | ৭ | ১৬৯ | ১০৫ | ১৯২ | ৪৭৩ | - |
| ৫ | বড়লেখা | ৪৩৫ | ৫০ | ১৫০ | ৭০ | ১৬৫ | ৪৩৫ | - |
| ৬ | শ্রীমঙ্গল | ৯৬০ | ৩০০ | ৩০০ | ৫০ | ৩১০ | ৯৬০ | - |
| ৭ | কমলগঞ্জ | ৮০১ | ৮৫ | ৩৩০ | ৫০ | ৩৩৬ | ৮০১ | - |
| | মোট | ৪৬১১ | ১১২৬ | ১১৫১ | ৭৭৯ | ১৫৪৬ | ৪৬০২ | - |

CS CamScanner

❖ ০৮.০১ : মুজিববর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্পে নির্মাণাধীন/নির্মিত গৃহ সংখ্যা:

| ক্র. | উপজেলা | ১ম পর্যায়ে নির্মাণ সম্পন্ন হয়েছে এমন গৃহ সংখ্যা | ২য় পর্যায়ে নির্মাণ সম্পন্ন হয়েছে এমন গৃহ সংখ্যা | ৩য় পর্যায়ের নির্মাণ সম্পন্ন হয়েছে এমন গৃহ সংখ্যা | ৩য় পর্যায়ে নির্মাণ সম্পন্নের অগ্রগতি | ৪র্থ পর্যায়ে নির্মাণ সম্পন্ন হয়েছে এমন গৃহ সংখ্যা | ৪র্থ পর্যায়ে নির্মাণ সম্পন্নের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|---|
| | সদর | ৪৭৬ | ৫২ | ৩৩২ | ১০০% | ৩০০ | ১০০% |
| | রাজনগর | ৯৮ | ৫০ | ৫৯ | ১০০% | ১৪৭ | ১০০% |
| | কুলাউড়া | ১১০ | ১০০ | ১১৩ | ১০০% | ৯৬ | ১০০% |
| | জুড়ী | ৭ | ১৬৯ | ১০৫ | ১০০% | ১৯২ | ১০০% |
| | বড়লেখা | ৫০ | ১৫০ | ৭০ | ১০০% | ১৬৫ | ১০০% |
| | শ্রীমঙ্গল | ৩০০ | ৩০০ | ৫০ | ১০০% | ৩১০ | ১০০% |
| | কমলগঞ্জ | ৮৫ | ৩৩০ | ৫০ | ১০০% | ৩৩৬ | ১০০% |
| | মোট | ১১২৬ | ১১৫১ | ৭৭৯ | ১০০% | ১৫৪৬ | ১০০% |

**বিবিধ আলোচনা:** আশ্রয়ণ প্রকল্প স্থানে বসবাসরত উপকারভোগীদের আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, শিশুদের শিক্ষার অধিকার সুনিশ্চিতকরণসহ সার্বিক নিরাপত্তার বিষয়ে তৎপর হওয়ার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার সভায় জানান কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও বসবাসকারীদের স্বনির্ভর হওয়ার জন্য কৃষি সংক্রান্ত যথাযথ প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার সভায় জানান, যুব উন্নয়ন অধিদপ্তর হতে উপকারভোগীদের প্রশিক্ষণের কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে এ জেলার ৫টি উপজেলায় (মৌলভীবাজার সদর, রাজনগর, বড়লেখা, কমলগঞ্জ ও জুড়ী) মোট ১৫০ জন উপকারভোগীকে যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার কর্তৃক প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট ২টি উপজেলায় (কুলাউড়া ও শ্রীমঙ্গল) উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ উপকারভোগী পরিবারগুলোকে প্রয়োজনীয় প্রশিক্ষণের পাশাপাশি হাস-মুরগীসহ প্রয়োজনীয় উপকরণ সরবরাহ প্রদানের বিষয়ে সভায় উপপরিচালক, জেলা প্রাণি সম্পদ অধিদপ্তর, মৌলভীবাজার এর দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে উপপরিচালক, জেলা প্রাণি সম্পদ অধিদপ্তর, মৌলভীবাজার বলেন হাস-মুরগী পালনসহ উপকারভোগীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ ত্বরান্বিত করা হবে। উপকরণ সরবরাহের বিষয়ে আলাদা একটি প্রকল্প করা হয়েছে এবং প্রয়োজনীয় উপকরণ সরবরাহের জন্য ইতোমধ্যে উপকারভোগীদের তালিকা প্রেরণ করা হয়েছে। উপকরণ প্রাপ্তি সাপেক্ষে উপকারভোগীদের সরবরাহ করা হবে।

জেলা সমাজসেবা কর্মকর্তা, মৌলভীবাজার সভায় জানান প্রকল্প স্থানে বসবাসরত উপকারভোগীদের বিধবা ভাতা প্রদান করা হচ্ছে। এ বিষয়ে প্রকল্প স্থানে ভাতা প্রদান সংক্রান্ত কার্যক্রমের উপজেলাভিত্তিক তথ্য আগামী সভায় উপস্থাপনের জন্য জেলা সমাজসেবা অফিসার, মৌলভীবাজার-কে সভায় অনুরোধ জানানো হয়।

মাননীয় প্রধানমন্ত্রীর কর্তৃক গৃহীত বিশেষ উদ্যোগ সমতা স্কিমের আওতায় প্রকল্প স্থানে বসবাসরত উপকারভোগীদের অন্তর্ভূক্তকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রকল্প স্থানে বসবাসরত উপকারভোগীদের উক্ত স্কিমের আওতায় নিয়ে আসার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক প্রকল্প স্থানে বসবাসরত কতটি উপকারভোগী পরিবার সমতা স্কিমের আনা হচ্ছে তার উপজেলাভিত্তিক তথ্য আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার (সকল)'কে অনুরোধ জানানো হয়।

উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর সভায় জানান রাজনগর উপজেলাধীন ১নং ফতেপুর ইউনিয়ন পরিষদের অন্তর্গত আব্দুল্লাহপুর আশ্রয়ণ প্রকল্প স্থানে ৪৭টি পরিবার বিশুদ্ধ খাওয়ার পানির তীব্র সংকটে রয়েছে মর্মে উল্লেখ করে উক্ত প্রকল্প স্থানে জরুরিভিত্তিতে টিউবয়েল স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। উক্ত সমস্যা সমাধানের জন্য আগামী ৭(সাত) কার্যদিবসের মধ্যে উক্ত প্রকল্প স্থানে কমপক্ষে ৫টি টিউবয়েল স্থাপনের জন্য সভায় নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার-কে অনুরোধ জানানো হয়।

CS CamScanner

রেভিনিউ ডেপুটি কালেক্টর, মৌলভীবাজার বলেন বিভিন্ন বিভাগ কর্তৃক উপকারভোগীদের দেওয়া প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য বিবেচ্য মাসে পাওয়া যায়নি। আগামী সভার পূর্বে প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। আশ্রয়ণ-২ প্রকল্প স্থানে যেসব গৃহে লোকজন বসবাস করে না তাদের বন্দোবস্ত বাতিল করে নতুন উপকারভোগীদের গৃহ হস্তান্তরের বিষয়ে সভায় সকল সদস্য একমত পোষণ করেন। উপর্যুক্ত বিষয়সমূহ বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হলো:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | আশ্রয়ণ-২ ও আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) সমূহে আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যবেক্ষণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১) পুলিশ সুপার, মৌলভীবাজার;<br>২) উপজেলা নির্বাহী অফিসার, (সকল);<br>৩) সহকারী কমিশনার (ভূমি), (সকল) |
| ০২ | আশ্রয়ণ-২ প্রকল্প স্থানে সংশ্লিষ্ট সকল বিভাগকে প্রয়োজনীয় প্রশিক্ষণের যথাযথ ব্যবস্থা গ্রহণসহ প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার;<br>২) উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার;<br>৩) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মৌলভীবাজার |
| ০৩) | আশ্রয়ণ-২ প্রকল্প স্থানে যেসব গৃহে বিগত ৫(পাঁচ) মাস যাবৎ লোকজন বসবাস করে না তার তথ্য আগামী সভার পূর্বে এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার, (সকল)<br>২) সহকারী কমিশনার (ভূমি), (সকল) |
| ০৪) | আশ্রয়ণ-২ প্রকল্প স্থানে বিভিন্ন ভাতা প্রদান সংক্রান্ত কার্যক্রমের উপজেলাভিত্তিক তথ্য আগামী সভায় উপস্থাপনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা সমাজসেবা কর্মকর্তা, মৌলভীবাজার |
| ০৫) | সমতা স্কিমের আওতায় প্রকল্প স্থানে বসবাসরত উপকারভোগীদের অন্তর্ভূক্তকরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ এ সংক্রান্ত প্রতিবেদন আগামী মাসের মধ্যে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার, (সকল)<br>২) সহকারী কমিশনার (ভূমি), (সকল) |
| ০৬) | রাজনগর উপজেলাধীন ১নং ফতেপুর ইউনিয়নের অন্তর্গত আব্দুল্লাহপুর আশ্রয়ণ প্রকল্প স্থানের ৪৭টি গৃহের জন্য কমপক্ষে ৫(পাঁচ) টি টিউবওয়েলে আগামী ৭(সাত) কার্যদিবসের স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর<br>২) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮.০৩.২৪

(ড. উর্মি বিনতে সালাম)
জেলা প্রশাসক
মৌলভীবাজার
ফোন: ০২৯৯৬৬৮৩২০২

CamScanner